“এ দু’টি জিনিস আমার উম্মাতের পুরুষদের জন্য হারাম, তাদের নারীদের জন্য হালাল”।

আলী ইবন আবি তালিব রাদিয়াল্লাহু ‘আনহু সূত্রে বর্ণিত, তিনি বলেন, একদা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাম হাতে রেশম ও ডান হাতে স্বর্ণ নিলেন, তারপর এগুলোসহ তার দু’হাত উঁচু করে বললেনঃ “এ দু’টি জিনিস আমার উম্মাতের পুরুষদের জন্য হারাম, তাদের নারীদের জন্য হালাল”।
[সহীহ] [এটি আবূ দাঊদ, নাসাঈ ও ইবন মাজাহ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বাম হাতে একটি রেশমী কাপড় বা তার একটি টুকরো নিলেন এবং তাঁর ডান হাতে সোনার গহনা বা অনুরূপ কিছু নিলেন, তারপর বললেন: রেশম এবং সোনা। এগুলো পরিধান করা পুরুষদের জন্য হারাম, কিন্তু এ দু’টি মহিলাদের জন্য হালাল।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4292